



চিকিৎসাধীন জামায়াত আমিরের স্বাস্থ্যের খোঁজখবর নিলেন তারেক রহমান



সংগৃহীত ছবি

জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমানের স্বাস্থ্যের খোঁজ নিতে ইউনাইটেড হাসপাতালে প্রতিনিধি দল পাঠিয়েছেন বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান। প্রতিনিধি দলে ছিলেন হাবিব উন নবী খান সোহেল ও শহীদ উদ্দিন চৌধুরী এ্যানি।

সদ্য অন্ত্রোপচার শেষে রাজধানীর ইউনাইটেড হাসপাতালে চিকিৎসাধীন জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমানের স্বাস্থ্যের খোঁজখবর নিতে বিএনপির পক্ষ থেকে একটি প্রতিনিধি দল পাঠানো হয়। রোববার (৩ আগস্ট) দুপুর সাড়ে ১২টার দিকে প্রতিনিধি দলটি হাসপাতালে পৌঁছে।

দলে ছিলেন বিএনপির যুগ্ম মহাসচিব হাবিব উন নবী খান সোহেল এবং যুগ্ম মহাসচিব ও মিডিয়া সেলের সদস্য সচিব শহীদ উদ্দিন চৌধুরী এ্যানি।

তারা হাসপাতাল কর্তৃপক্ষ ও ডা. শফিকুর রহমানের পরিবারের সদস্যদের সঙ্গে সাক্ষাৎ করে তার চিকিৎসার অগ্রগতি ও বর্তমান শারীরিক অবস্থা সম্পর্কে খোঁজ নেন এবং তার দ্রুত সুস্থতা কামনা করেন।

LENS ASIA